

নতুন পাঠ্যক্রম

ব্রিতানীয়

২০১৯

বাংলা

(বাণিজ্য বিভাগ)

আবশ্যিক পত্র

পৃষ্ঠামান : ৫০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসত্ত্ব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

১। যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১×১৫

(ক) ‘জীবনানন্দ দাশের ‘বনলতা সেন’ কবিতাটি ইতিহাস-চেতনার আলোকে  
মূলত একটি প্রেমের কবিতা’—মন্তব্যটি বিচার করো।

(খ) রবীন্দ্রনাথ পঞ্জীকে উপেক্ষিতা বলেছেন কেন? এই জন্যে তিনি কাকে দায়ী  
করেছেন? উপক্ষোর ফল কি হতে পারে বলে তিনি মনে করেছেন?

২+১+১২

২। সারাংশ লেখো :

১০

“মরুভূমিতে ফুল ফুটিয়া অপচয় হয় মাত্র। মিথ্যা কথা। অসার কথা।  
অগভীর আস্তার কথা। প্রশস্ত মরুভূমি—জীবশূন্য, তৃণশূন্য, বারিশূন্য—জ্বালাময়,  
অগ্নিময়—প্রকৃতির রূদ্র, বিকট, ভয়ংকর মূর্তি! যেমন করিয়া দেখ, সে মূর্তি  
হইতে কেবল অশ্বিশিখা নির্গত হইতেছে, রূদ্রভাব ফাটিয়া বাহির হইতেছে;  
কঠোরতা, কঠিনতা, নিষ্ঠুরতা প্রশাসিত হইতেছে। কিন্তু ঐ দেখ ঐ ভয়ঙ্কর  
মরুভূমিতে একটি ফুল ফুটিয়াছে—ঐ কঠোর, কঠিন, নিষ্ঠুর, রূদ্রমূর্তিতে একটি  
অর্নিবচনীয় কোমলতা অঙ্গিত রহিয়াছে। প্রকৃতি ঐ কোমলতায় অনুপ্রাণিত। ঐ  
কোমলতা লইয়া প্রকৃতি পূর্ণতাপ্রাপ্ত হইয়াছে, প্রকৃতি আপনাকে সার্থক মনে  
করিতেছে। তুমি দেখ আর নাই দেখ, তুমি বুঝ আর নাই বুঝ, প্রকৃতি ঐ  
কোমলতার শুণে পূর্ণতার ভাবে ভোর হইয়া রহিয়াছে, সজীবতা অনুভব  
করিতেছে, আপনার প্রাণবায়ু আপনি প্রত্যক্ষ করিতেছে। ফুল, তুমি মরুভূমিতে  
ফুটিও নহিলে মরুভূমি প্রাণশূন্য হইবে এবং মহাশক্তি শক্তিহীন হইবে।  
বিশ্বনিন্দিত পৌরাণিক কবি ইহা বুবিতেন। বুবিয়া বিকটদশনা, ভীমনয়না,  
খঙ্গাধারিণী, অসুরধাতিনী, রক্তস্তুকলেবরা রণরঙ্গিনীকে কোমলতম  
নীলোৎপলসদৃশ অপরাজিতায় সুশোভিত করিয়াছেন। মরুভূমিতে ফুল না

ফুটিলে মরম্ভুমি কি পৃথিবীতে থাকিত? না মহাশঙ্কির প্রকৃত শক্তি বুঝা  
যাইত? মরম্ভুমিতে ফুল না ফুটিলে আকাশের নক্ষত্র কেমন করিয়া মরম্ভুমিকে  
পৃথিবী বলিয়া চিনিত? তুমি মরম্ভুমি দেখ আর নাই দেখ, কিন্তু মরম্ভুমিকে  
তো নক্ষত্রের কাছে পরিচিত হইতে হইবে। তাই মরম্ভুমিতে ফুল ফোটে।”

### অংশবা

ভাবসম্প্রসারণ করো :

১০

কেমন করে শেখাই তাকে  
ছোট অবুঝ শিশুটাকে  
বলতে সত্য কথা,  
যখন কিনা মিথ্যা থেকে  
আমরা নিজে শিখছি ঠেকে  
চতুর কথকতা!

৩। যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা করো :

১×১০

- (ক) শিক্ষা ও বাণিজ্য;
- (খ) সাংগ্রাহিক বাংলা সঙ্গীত ;
- (গ) সর্বধর্মসমূহ ও বাংলার সাংস্কৃতিক ঐতিহ্য ;

(ঘ) মানবজীবনে বিজ্ঞান-মনস্কতার প্রয়োজনীয়তা।

(ঙ) সংবাদপত্রের ভাষা।

৪। পরিভাষা লেখো (যেকোনো পাঁচটি) :

৫×১

Affidavit, Consul, Excise, Marginal, Overhead Charges,  
Revenue, Tender, Ceremony.

৫। যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×৫

(ক) পদ পরিবর্তন করো : (৫টি)

৫×১

হিম, স্নেহ, লাল, বিপরীত, বঙ্গ, প্রতিরোধ।

(খ) অশুকি সংশোধন করো : (৫টি)

৫×১

সিঞ্চনি, মুহূর্ত, সূর্যনোকা, অনিকীনি, মিমাংসা, মনযোগি।

(গ) বিপরীতার্থক শব্দ লেখো : (৫টি)

৫×১

তদানীন্তন, নন্দিত, সুধা, কৃষ্ণ, শিথিল, ঝর্ব, বিসর্জন।